

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৭৫৫

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১২০. সালাতরত অবস্থায় বাম হাতের উপর ডান হাত রাখা

باب وَضْع الْيُمْنَى عَلَى الْيُسْرَى فِي الصَّلَاةِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَكَّارِ بْنِ الرَّيَّانِ، عَنْ هُشَيْمِ بْنِ بَشِيرٍ، عَنِ الْحَجَّاجِ بْنِ أَبِي زَيْنَبَ، عَنْ أَبِي عَنْ الْيُمْنَى عُلَى الْيُمْنَى عُلَى الْيُمْنَى عُلَى الْيُمْنَى عَلَى الْيُمْنَى عَلَى الْيُمْنَى فَرَآهُ النَّبِيُّ صلى الله عليه وسلم فَوَضَعَ يَدَهُ الْيُمْنَى عَلَى الْيُسْرَى .

_ حسن

বাংলা

৭৫৫। ইবনু মাসঊদ (রাঃ) সূত্রে বর্ণিত। একদা তিনি ডান হাতের উপর বাম হাত রেখে সালাত আদায় করলে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তা দেখতে পেয়ে তাঁর বাম হাতের উপর ডান হাতকে রাখেন। [1]

হাসান।

English

Narrated Abdullah ibn Mas'ud:

AbuUthman an-Nahdi said: When Ibn Mas'ud prayed he placed his left hand on the right. The Prophet (ﷺ) saw him and placed his right hand on his left one.

ফুটনোট

[1] নাসায়ী (৮৮৭), ইবনু মাজাহ (অধ্যায়ঃ সালাত ক্বায়িম, অনুঃ সালাতে বাম হাতের উপর ডান হাত রাখা, হাঃ ৮১১), ইবনু হাজার এটিকে হাসান বলেছেন 'ফাতহুল বারী' গ্রন্থে (২/২৬২)।



মাসআলাহঃ সালাতে বাম হাতের উপর ডান হাত রাখা।

সালাতে বাম হাতের উপর ডান হাত রাখা সম্পর্কে ১৮ জন সাহাবী ও ২জন তাবেঈ থেকে মোট ২০টি হাদীস বর্ণিত হয়েছে। ইবনু 'আব্দুল বার (রহঃ) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে এর বিপরীত কিছু বর্ণিত হয়নি এবং এটাই জমহুর সাহাবা ও তাবেঈনের অনুসৃত পদ্ধতি। (মিরআতুল মাফাতীহ ১/৫৫৭-৫৫৮, তুহফাতুল আহওয়াযি২/৮৯, সালাতুল রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ৪৮পৃঃ)।

শারখ আলবানী (রহঃ) বলেনঃ "একটি মাযহাব মতে, মুসল্লী সালাতে দাঁড়ানো অবস্থায় হাত না বেঁধে ছেড়ে রাখবে।" কিন্তু কেন? মাযহাবে এভাবে আছে তা-ই। নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাতের সময় তাঁর ডান হাত দ্বারা বাম হাত আঁকড়ে ধরতেন না, এ বিষয়ের পক্ষে হাদীসের প্রত্যেক আলিম হাদীস আনয়নের চেষ্টা করেছেন। যদিও অন্তত একটি হাদীস হয় চাই তা যঈফ হোক কিংবা মাওযু। কিন্তু এর কোনই অন্তিত্ব পাওয়া যায়নি। তাহলে এরূপ 'আমলকে ইসলাম বলা যায় কি? তা সত্ত্বেও মুসলিমদের একটি দল এর উপর 'আমল করে চলেছে অথচ প্রত্যেক হাদীস গ্রন্থে হাদীসসমূহে দেখা যাচ্ছে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাত বাঁধতেন! এখানে তাক্কলীদে আর ইমামগণের কথার বিপরীতে গোড়ামী প্রদর্শন বৈ কিছু নেই। (দেখুন, আত-তাসফিয়্যাহ ওয়াত তারবিয়্যাহ)।

উল্লেখ্য একদা খলীফা মানসুর ইমাম মালিককে মারধর করে তাঁর হাত দুটো অবশ করে দেয়ায় শেষ জীবনে তিনি সালাতে হাত বাঁধতে পারতেন না বিধায় হাত ছেড়ে সালাত আদায় করতেন। সেজন্য মালিকী মাযহাবের কিছু লোক মুয়ান্তা মালিকে বর্ণিত রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-এর হাদীস অনুযায়ী বুকে হাত না বেঁধে ইমাম মালিকের অক্ষম অবস্থার অন্ধ অনুসরণে হাত ছেড়ে সালাত আদায় করেন। এটা তাদের মনগড়া ফাতাওয়াহ ও ভিত্তিহীন আমল। কেননা হাত ছেড়ে সালাত আদায়ের কোনো সহীহ হাদীসই পাওয়া যায় না। দু'টি মাওকৃফ বর্ণনায় রয়েছেঃ হাসান, মুগীরাহ ও যুবায়র না কি হাত ছেড়ে সালাত আদায় করতেন- (মুসান্নাফ ইবনু আবূ শায়বাহ ১/৩৯১)। কিন্তু বর্ণনা দু'টো অত্যন্ত দুর্বল এবং সহীহ মারফু হাদীসের বিপরীত হওয়ায় পরিত্যাজ্য ও দলীলের অযোগ্য। জ্ঞাতব্য যে, রাফিযীরা হাত ছেড়ে সালাত আদায় করে- (ফাতহুল ক্লাদীর ১/১১৭)।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন